

সংবাদ বিজ্ঞপ্তি

শিক্ষার্থীরা পড়াশোনামুখী হলে কিশোর অপরাধ কমে যাবে: নোবিপ্রবি উপাচার্য

স্কুল-কলেজের শিক্ষার্থীরা ক্লাস ও পড়াশোনায় মনোযোগ দিলে সমাজে কিশোর অপরাধ অনেকাংশে কমে যাবে বলে মন্তব্য করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। নোয়াখালীর সোনাপুর কলেজে অভিভাবক ও শিক্ষার্থী সমাবেশ ২০২৪ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

আজ বৃহস্পতিবার (২৮ নভেম্বর ২০২৪) সকালে কলেজের গভর্নিং বডির সভাপতি ইসমাইল সন্ত্রাসের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য অধ্যক্ষ মো. আবুল বাশার, সোনাপুর কলেজের অধ্যক্ষ মো. মোয়াজ্জেম হুসাইন, উপাধ্যক্ষ জাফর আহমেদ ভূঁইয়া ও কলেজ পরিচালনা কমিটির প্রতিষ্ঠাতা সদস্য মো. ফয়সল এলাহী।

এসময় প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল আরও বলেন, অত্যন্ত আনন্দের বিষয় যে শিক্ষার্থীদের সঙ্গে অভিভাবকগণও আজকের এই অনুষ্ঠানে এসেছেন। শিক্ষার্থীদের উচিৎ নিয়মিত ক্লাসে উপস্থিত থাকা। আমি মনে করি ক্লাসগুলোকে দৃষ্টিভঙ্গি এবং আনন্দময় করা যেমন একজন শিক্ষকের দায়িত্ব তেমনি একজন শিক্ষার্থীর দায়িত্ব শিক্ষকগণ ক্লাসে যা যা বলেন তা অনুসরণ করা এবং দায়িত্বের সাথে তা পালন করা। যদি ছাত্রছাত্রীরা কথা না শোনে তাহলে বুঝতে হবে তাদের মধ্যে কোথাও ঘাটতি রয়েছে। এক্ষেত্রে আমরা তাদের জন্য কাউন্সিলিংয়ের ব্যবস্থা করতে পারি। এছাড়াও টেকনিক্যাল বা হাতে কলমে শিক্ষা বর্তমান সময়ে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের শিক্ষার্থীদের প্রযুক্তিগত শিক্ষায় দক্ষ করে তুলতে হবে।

সমাজবিজ্ঞান বিভাগের প্রভাষক মোঃ রশিদ আহাম্মদের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন পরিচালনা পরিষদের শিক্ষক প্রতিনিধি ও ইসলামিক স্টাডিজ বিভাগের প্রধান মোঃ হাবিবুর রহমান। এসময় সদ্য প্রয়াত সোনাপুর কলেজের ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান মু. মুস্তাফিজুর রহমানের শোক প্রস্তাব উপস্থাপন করেন শিক্ষক পরিষদের সম্পাদক ও র‍াষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রধান জনাব মাহমুদ হোসেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪